একই সময়ে, আমাদের ভুললে চলবে না যে ভারতে অনেক ভাষাই প্রবৃত্তির এমন প্রান্তে দাঁড়িয়ে যে উপজাতির ভাষা বলা লোকের সংখ্যা কমে এসেছে। উদাহরণ স্বরূপ, পন্ডিচেরীর নির্দিষ্ট উপজাতির ভাষায় কথা বলা লোকের সংখ্যা 100রও কম। 2001 ও 2010 এর গণনা অনুযায়ী বিভিন্ন ভাষা ব্যবহারকারী বক্তার সংখ্যা ক্রমশ কমছে।

আমরা দেখেছি যে, ভাষায় বৈচিত্র্য সম্পর্কে আমাদের দৃষ্টিভঙ্গী প্রভাবিত করেছে ভাষার বৈচিত্র্যের অস্তিত্বকে অথবা বহুমুখী গুণকে। যদি আমাদের সমর্থক দৃষ্টিভঙ্গী থাকে ভাষাতত্ত্বের বৈচিত্র্যের প্রতি, তাহলে পরিবেশে যেসব ভাষাগুলি বলা হয় সেগুলির অস্তিত্বও বেড়ে ওঠার ক্ষেত্রে আমরা সাহায্য করতে পারি। বিপরীত দিকে, ভাষার প্রতি অসহিষ্ণুতা ও সংকীর্ণ চিন্তাধারা নিজের ভাষাটি ছাড়া অন্য ভাষার প্রতি বিবাদের সৃষ্টি করে এবং ঐক্যাভাব ঘটায়।

সদর্থক এবং নঞর্থক দৃষ্টিভঙ্গীর উদাহরণ ভাষাতাত্ত্বিক বৈচিত্র্যের কেবল ভারতেই দেখা যায়, ভারতের বিভিন্ন অংশে এবং বিভিন্ন সময়ের দিক দিয়ে। উদাহরণস্বরূপ, নাগা সম্প্রদায়ের 21টি উপজাতি আছে এবং একই সংখ্যক ভাষার ঐ সম্প্রদায়ের লোকেরা কথা বলেন। একটি নির্দিষ্ট উপবিভাগের লোকেরা ঐ উপবিভাগের অন্য সদস্যদের সঙ্গে মাতৃভাষায় কথা বলে। যখন একটি উপবিভাগের লোকের প্রয়োজন পড়ে অন্য উপবিভাগের লোকের সঙ্গে কতা বলার, তারা নাগা ভাষায় কথা বলে এবং তাদের সম্প্রদায়ের বাইরে লোকের সাথে (অর্থাৎ নাগাল্যান্ড ও মণিপুরের বাইরের লোকেরা) যখন কথা বলতে হয় তখন তারা হিন্দী এবং ইংরাজী ব্যবহার করেন। এটি একটি দৃষ্টান্ত নাগা লোকেদের যেটা ভাষাগত বৈচিত্র্যের প্রতি সদর্থক দৃষ্টিভঙ্গী নিক্ষেপ করে এবং তাদের বহুভাষার অধিকারী করে তোলে। অন্যদিকে গোয়াবাসীরা মারাঠী এবং কোঙ্কনী ভাষার অস্তিত্বের বিরুদ্ধে বলে যাচ্ছেন। একইভাবে বেলগাঁও এবং কর্ণাটক অধিবাসীরা বিতর্ক চালিয়ে যাচ্ছেন কন্নড় এবং মারাঠী ভাষার বিরুদ্ধে (Sinha, 2000, p. 65-66).

পরিশেষে বলা যায়, ভারত এমন একটি দেশ যেখানে ভাষাতত্ত্বে প্রচুর বৈচিত্র্য আছে এবং এই বৈচিত্র্য কোন সমস্যা নয়, বরং এটা আমাদের গুরুত্বপূর্ণ একটা সম্পদ। ভাষাগত বৈচিত্র্যের প্রতি উদার দৃষ্টিভঙ্গী এই সম্পদকে রক্ষা করবে, যখন সংকীর্ণ চিন্তাধারা ক্ষতির কারণ হয়ে দাঁড়াবে। এইভাবে আমাদের একটি সুস্থ ও সদর্থক দৃষ্টিভঙ্গী থাকতে হবে সমস্ত ভাষার প্রতি।

2.2.2 ভারতের ভাষাগোষ্ঠী এবং ভারত : একটি ভাষাতাত্ত্বিক অঞ্চল

আমরা দেখেছি যে ভারতে ভাষাগুলিতে বিভিন্নতা আছে। এই ভাষাগুলির কোনটির মধ্যে সাধারণ বৈশিষ্ট্য এবং সাধারণ পরিচিতি আছে যখন কোনটার মধ্যে নেই। সাধারণতঃ ভাষাগুলির মধ্যে সাধারণ বৈশিষ্ট্য থাকলে সেটি একই ভাষা গোষ্ঠীর অন্তর্ভুক্ত হয়।

ভারতবর্ষ কেবলমাত্র ভাষাতত্ত্বের দৃষ্টিভঙ্গীতেই অতুলনীয় নয়, এছাড়াও ভারতীয় ভাষাগোষ্ঠীর বিভিন্নতাও এই দেশকে তুলনাহীন করে তুলেছে। ভারতে চারটি ভাষাগোষ্ঠী আছে :



নোট

1. ইন্দো-আর্য
2. দ্রাবিড়ীয়
3. তিব্বতী-বার্মা
4. অস্ট্রো-এশিয়ান/মুণ্ডা

এই ভাষাগোষ্ঠীর প্রত্যেকটির কিছু সুনির্দিষ্ট ভাষার নাম নিম্নে দেওয়া হল।

ইন্দো-আর্য : হিন্দী, উর্দু, বাংলা, অসমীয়া, সংস্কৃত, পাঞ্জাবী, গুজরাটী, মারাঠী, কোঙ্কনী, নেপালী, উড়িয়া, কাশ্মীরী ইত্যাদি।

দ্রাবিড়ীয় : তামিল, তেলুগু, কন্নড়, মালয়ালম, কুরুখ ইত্যাদি।

তিব্বতী-বার্মা : মণিপুরী, অঙ্গামি, বোড়ো, পারো, ত্রিপুরী, তাংসা, মিজো।

মুণ্ডা : মুণ্ডা, মুণ্ডারি, হো, সাঁওতালী, শবর ইত্যাদি।

এটা মনে রাখা দরকার যে ভাষাতত্ত্বের বৈচিত্র্য থাকা সত্ত্বেও ভাষাগোষ্ঠীর বিভিন্নতা ভারতে দেখা যায়। ভারত হল একটি ভাষাতাত্ত্বিক অঞ্চল। এটি বোঝার জন্য গুরুত্বপূর্ণ বিষয় হল হাজার হাজার বছর ধরে চারটি ভাষাগোষ্ঠীর লোকেরা ভিন্ন ভাষায় কথা বললেও এটি প্রশংসনীয় যে তারা একসাথে বাস করে এবং এইভাবে ভাষাগুলি ধার করে একে অন্যের কাছ থেকে। এর ফলে বিভিন্ন প্রকারের ভাষাগুলির গঠনগত সাদৃশ্যগুলি সময়ের সাথে উন্নত হয়েছে। ভারতীয় ভাষাগুলির কথা বলতে গিয়ে কে.ভি. সুব্বারাও বলেছেন ''হাজার হাজার বছর ধরে যখন বিভিন্ন ভাষাগোষ্ঠীর ভাষাভাষী লোকেরা একসাথে বাস করছে এবং এরা অন্য ভাষার উপর প্রভাব ফেলে এবং একজন অন্যজনের থেকে ধার করে ভাষা। এই বিনিময় ভাষাতত্ত্বের নতুন বৈশিষ্ট্যকে তুলে ধরে।'' নীচে কিছু উদাহরণ দেওয়া হল :

1. অনুবাদ শব্দ : এই ধরণের শব্দগুলি সব ভারতীয় ভাষাতে দেখা যায়। দ্বিতীয় শব্দটি একটা 'অতিরিক্ত' শব্দ এবং এর কোন নিজস্ব অর্থ নেই এবং শব্দটির সাথে প্রথম শব্দটির মিল আছে। উদাহরণস্বরূপ, হিন্দী শব্দ কায়-বায় (ক্যায়-ব্যায়)। দ্বিতীয় শব্দ 'বায়'-এর নিজস্ব কোন অর্থ নেই হিন্দীতে কিন্তু এই প্রসঙ্গে অন্য যে কোন তুলনা দিতে গেলে বলা যায় যা খাওয়ার যোগ্য তা চায়ের সঙ্গে বসে (চা-টা)।

হিন্দী	ওড়িয়া	তেলুগী
খানা-বানা	বাঘো-ফাগো	দুলি-গিলি
পানি-বানি	কোবুলাই-ফাবুলাই	বাঘ-ভাগ
কায়-বায়	কাবল-বাবল	এনি-গিনি

নোট

2. পুনর্দ্বিত্ব শব্দ : বিশেষ্য, বিশেষণ, ক্রিয়া বিশেষণ ইত্যাদির পুনরাবৃত্তি করা যেতে পারে সমস্ত ভারতীয় ভাষাগুলিতে নতুন শব্দ তৈরী করতে। যখন বিশেষ্য পদগুলির পুনরাবৃত্তি করা হয় তখন এর অর্থের সঙ্গে প্রত্যেক শব্দটি যুক্ত হয়। উদাহরণস্বরূপ, 'ঘর ঘর' হিন্দীতে এই শব্দটির অর্থ 'প্রত্যেক ঘর'।

বিশেষ্য

হিন্দী	তেলুগু	ওড়িয়া
ঘর-ঘর	ধৌরে-ধৌরে	ইশ্তি-ইশ্তি
পানা-পানা	পৃশথা-পৃশথা	পেজি-পেজি

বিশেষণ

ধীরে-ধীরে	ধীরে-ধীরে	নেমড়ি-নেমড়িগা
আহিস্তে-আহিস্তে	আস্তে-আস্তে	মেলা-মেলাগা

সর্বনাম

আপনা-আপনা	নিজৌ-নিজৌ	টনা-টনা

3. সমস্ত ভারতীয় ভাষাগুলিকে পরবর্তী অবস্থানের ব্যাপার আছে অর্থাৎ পদান্বয়ী অব্যয়বাচক শব্দগুলি বিশেষ্য পদের পরে বসানো হয়, এইভাবে 'টেবিলের উপরে' যেখানে 'উপরে' শব্দটি 'টেবিলের' আগে আসে, হিন্দীতে একজন বলেন 'মেজ পর'। আরো উদাহরণ **দ্রষ্টব্য :**

হিন্দী : রাম কা,

ঘর সেঁ

তামিল : রামোদ (রাম কা)

রামক্কু (রাম কো)

মুণ্ডারী : হো রারে (ঘর সে)

4. শব্দের স্তরানুযায়ী অধিকাংশ ভারতীয় ভাষাগুলির পশ্চাৎ ক্রিয়াশীল শব্দ আছে, যেমন ট-বর্গ অর্থাৎ ট, ঠ, ড, ঢ ইত্যাদি। আবার একটি শব্দ কখনো আনুনাসিক ধ্বনি দিয়ে শুরু হয় না যেমন আমরা 'কিং' শব্দটার শেষে পাই।

আমরা উপরে দেওয়া ভাষাগুলির তালিকাতে যদিও হিন্দী ও উর্দু ভাষার কথা আলাদা ভাবে বলেছি এবং এরা অবশ্যই দুটি পৃথক ভাষার নিদর্শন। এদের লেখাও হয় ভিন্ন অক্ষরে। হিন্দী লেখা হয় দেবনাগরীতে ও উর্দু লেখা হয় পার্সো-অ্যারাবিক অক্ষরে। যা হোক, এদের একই গঠন ছিল ও উভয়ই ভারতভাগের পূর্বে হিন্দুস্থানী শীর্ষনামের অন্তর্গত ছিল।

নোট

আপনার উন্নতি দেখুন—1 (আপনার অগ্রগতি যাচাই করে নিন)

1. ভারতের কটি ভাষাগোষ্ঠী আছে?
   (ক) তিন (খ) চার (গ) পাঁচ (ঘ) ছয়

2. ভারতীয় ভাষাগুলিতে উদ্ভূত কিছু ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যের উদাহরণ দিন যেটা বিভিন্ন ভাষাগোষ্ঠীর ভাষাগুলির মধ্যে বিনিময় প্রথার মাধ্যমে এসেছে।

   _____

   _____

   _____

3. কিছু সময় পূর্বে, একটি রাজনৈতিক দলের কর্মীরা মহারাষ্ট্রে মারাঠী বলেন না এমন লোকদের মারধর করেছিলেন। ভাষাতত্ত্বের বৈচিত্র্যের প্রতি কোন দৃষ্টিভঙ্গী থেকে এই ঘটনা ঘটে? এই দৃষ্টিভঙ্গী কি আমাদের ভাষাতাত্ত্বিক সম্পদের প্রতি হুমকি? আপনার দৃষ্টিভঙ্গী কি?

   _____

   _____

   _____

4. হিন্দুস্থানী, হিন্দী এবং উর্দু সম্পর্কে আপনার অভিমত কি?

   _____

   _____

   _____

2.3 ভাষাগুলি সম্পর্কে ভারতীয় সংবিধানের মতামত কি?

দেশের একটি গুরুত্বপূর্ণ বিষয় 'ভাষার' কথা মাথায় রেখে ভারতের সংবিধান প্রণেতারা নীচের মূল উপাদানগুলি সংবিধানের অংশ 17তে রেখেছেন অনেক আলোচনা করে ধীরভাবে।

ভারতের বহুভাষার চিত্র মাথায় রেখে, সংবিধান প্রণেতারা কেবলমাত্র একটি বা দুটি ভাষাকে স্থান দেননি বরং ভারতের বহু ভাষাকে স্থান দেন। সংবিধানের আর্টিকল 343 অনুযায়ী ভারতের অফিসে কার্যকরী হিন্দী ভাষা দেবনাগরী অক্ষরে লেখা হয় এবং ইংরাজী হল সহযোগী অফিসে কার্যকরী ভাষা। সংক্ষেপে বলা যায়, পনেরো বছর ধরে ইংরাজীকে এই মর্যাদা দেওয়া হয়েছে, কিন্তু 1963 তে এটি স্থায়ীভাবে সহযোগী অফিসিয়াল ভাষায় পরিণত হয়, অফিসিয়াল

নোট

ভাষা আইনের অন্তর্গত থেকে। আর্টিকল্ 345 অনুযায়ী প্রত্যেক রাজ্যকে আইনগতভাবে গ্রহণ করার কথা বলা হয়েছিল অফিসিয়াল ভাষা হিন্দীর সঙ্গে আরো একটি অথবা তারও বেশী ভাষাকে। উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, বিহার, রাজস্থান, হরিয়ানা, হিমাচলপ্রদেশ এবং দিল্লীতে হিন্দীই অফিসিয়াল ভাষা হিসাবে ঘোষিত হয়েছিল। পাঞ্জাবের অফিসিয়াল ভাষা হিসাবে ঘোষিত হয়েছিল পাঞ্জাবী। মহারাষ্ট্রে, মারাঠী, গুজরাটে, গুজরাটী ও হিন্দী অফিসিয়াল ভাষা, তামিল, তেলেগু, কন্নড়, মালয়ালম, ওড়িয়া, অসমীয়া এবং বাংলা ঘোষিত হয়েছিল অফিসিয়াল ভাষা হিসাবে যথাক্রমে তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, কেরালা, উড়িষ্যা, আসাম এবং পশ্চিম বাংলায়। সিকিমে নেপালী, লেপচা এবং ভুটিয়া ভাষা সরকারী কার্যালয়ে (অফিসিয়াল) ভাষা হিসাবে ঘোষিত হয়েছিল। নাগাল্যাণ্ড ইংরাজীকে তাদের অফিসিয়াল ভাষা বলে স্বীকৃতি দিল। অরুণাচল প্রদেশ, মিজোরাম এবং মেঘালয় কোন অফিসিয়াল ভাষা গ্রহণ না করে সরকারী কাজের জন্য ইংরাজী ব্যবহার করে। কেন্দ্রের অফিসিযাল ভাষাগুলি কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে ব্যবহৃত হয়—চণ্ডীগড়, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ এবং দমন ও দিউ ও পণ্ডিচেরীতে অফিসিয়াল ভাষা তামিল।

অন্য একটি গুরুত্বপূর্ণ বিষয় হল জাতীয় ভাষার ক্ষেত্রে। আমাদের অনেকেই ভাবেন যে হিন্দী হল ভারতের জাতীয় ভাষা। যা হোক, এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে ভারতের সংবিধান জাতীয় ভাষার অস্তিত্ব সম্পর্কে কিছু বলেনি। একই সময়ে, আর্টিক্ল 351 তে বলা হয়েছে ইউনিয়নের (সংগঠনের) হিন্দী ভাষা বিস্তারের চেষ্টা করা উচিত এবং প্রকাশের মাধ্যম হিসাবে এই ভাষার উন্নতি করতে হবে।

আপনার অগ্রগতি যাচাই করে নিন—2

1. সংবিধানের কোন অংশে ভাষা সম্পর্কে মূল অংশ আছে?
   (ক) 17 (খ) 18 (গ) 19 (ঘ) 20
2. কোন্ আইনের ফলে ইংরাজী সহযোগী অফিসিয়াল ভাষার মর্যাদা পেয়েছে?

   _____

   _____

   _____

2.4 ভারতে ভাষাগুলির বিভাগ

2.4.1 তালিকাভুক্ত ভাষাগুলি

ভারতীয় সংবিধানের 8ম তালিকায় বিবৃত ভাষাগুলিই তালিকাভুক্ত ভাষা। 1950 সালের তালিকায় 14টি ভাষার নাম ছিল। এই ভাষাগুলি ছিল—অসমীয়া, বাংলা, গুজরাটী, হিন্দী, কন্নড়, কাশ্মীরী,

নোট

মালয়ালম, মারাঠী, ওড়িয়া, পাঞ্জাবী, সংস্কৃত, তামিল, তেলুগু এবং উর্দু। সিন্ধী এই তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে সংবিধানের (1967) 21তম সংশোধনীর মাধ্যমে। একইভাবে কোঙ্কনী, মণিপুরী এবং নেপালী অন্তর্ভুক্ত হল 71 তম সংবিধান সংশোধনীর (1992) দ্বারা এবং বোরো, সাঁওতালী, মৈথিলী এবং ডোগরী অন্তর্ভুক্ত হল 92তম সংশোধনীর (2003) দ্বারা। এইভাবে বর্তমানে মোট 22টি ভাষা তালিকাভুক্ত হল সংবিধানের তালিকাভুক্ত ভাষা হিসাবে। পরবর্তীতে আরও অনেক রাজ্য চেষ্টা চালাচ্ছে তাদের ভাষাগুলিকে তালিকাভুক্তর জন্য। ''একবার একটি ভাষা তালিকাভুক্ত হয়ে গেলে, এর নাম ও মর্যাদার পরিবর্তন ঘটে এবং এই ভাষাটি আধুনিক ভারতীয় ভাষা অথবা একটি তালিকাভুক্ত ভাষা হিসাবে পরিচিত হবে।" (Malikarjun, 2004)।

2.4.2 আঞ্চলিক ভাষাসমূহ এবং মাতৃভাষাগুলি

ভারতীয় ভাষাগুলিকে আঞ্চলিক ভাষা এবং মাতৃভাষা হিসাবে ভাগ করা হয়েছে। মোট 100টি আঞ্চলিক ভাষা তালিকাভুক্ত হয়েছে 2001এর গণনা অনুযায়ী এবং এই ভাষাগুলির অধিকাংশরই মধ্যে অনেক মাতৃভাষা উপভাষা আছে। এইভাবেই আঞ্চলিক ভাষাগুলির মধ্যে এদের অনেক মাতৃভাষা আছে। 1961 সালের ভাষা গণনা অনুযায়ী 1652টি মাতৃভাষা পরিচিতি পেয়েছে। 'মাতৃভাষা' শব্দটি সাধারণভাবে বোঝায় যে ভাষা বাড়িতে বলা হয় তাকে। 2001 সালের গণনা অনুযায়ী গণনা বিভাগ 'মাতৃভাষা'র সংজ্ঞা নিম্নলিখিত ভাবে দিয়েছেন—

''মাতৃভাষা বলতে সেই ভাষাকে বোঝায় যাতে ব্যক্তির মা কথা বলেন ছেলে বা মেয়ের সঙ্গে তাদের শৈশবে। যদি মা বর্তমান না থাকেন, তাহলে বাড়িতে যে ভাষার কথা বলা হয়, তাই মাতৃভাষা। যদিও এতে সন্দেহ আছে তবুও বাড়িতে সাধারণত যে ভাষায় কথা বলা হয় তাই মাতৃভাষা।" (Malikarjun, p.8)

দুজন লোক একই পরিবারে বাস করলেও তাদের মাতৃভাষা আলাদা হতে পারে, উদাহরণস্বরূপ স্বামী ও স্ত্রী যখন পৃথক সম্প্রদায়ের এবং অঞ্চলের। একটি বিষয় আরো গুরুত্বপূর্ণ যে একটি শিশুর একাধিক মাতৃভাষা থাকতে পারে বা একটির বেশী ভাষা বাড়িতে সমানভাবে বলা হয়ে থাকে।

2.4.3 ধ্রুপদী ভাষা

ভাষাগুলির যাদের একটি দীর্ঘ ইতিহাস আছে, যার ব্যাকরণ অধিক পাঠের বিষয় এবং যে ভাষায় অনেক সাহিত্য রচিত হয়েছে সেগুলি ধ্রুপদী ভাষা।

ভারত সরকার একটি ভাষাকে ধ্রুপদী ভাষা বলে ঘোষণা করার জন্য নিম্নলিখিত বৈশিষ্ট্যসমূহ ধার্য করেছেন—

1. যে ভাষার একটি ইতিহাস আছে অথবা যে ভাষায় 1500-2000 বছরের প্রাচীন সাহিত্য রচিত হয়েছে।

নোট

2. কোন প্রাচীন সাহিত্য / মহাকাব্য যে ভাষায় লিখিত হয়েছে এবং ঐ ভাষার বক্তারা এই সাহিত্য / মহাকাব্যকে একটি মূল্যবান সম্পদ বলে বিবেচনা করে।

3. যে ভাষার একটি নিজস্ব সাহিত্যগত ঐতিহ্য আছে এবং যেটি অন্য ভাষা সম্প্রদায়ের থেকে ধার করা নয়।

2004 এর জুনে তামিল একটি ধ্রুপদী ভাষা, 2005 এ সংস্কৃত এবং 2008 এ কন্নড় ও তেলুগু ধ্রুপদী ভাষার মর্যাদা পেয়েছে।

2.4.4 ভাষা ও উপভাষার (আঞ্চলিক) মধ্যে কি পার্থক্য আছে?

সাধারণতঃ লোকেরা 'ভাষা' এবং 'উপভাষা' আলাদা বলে মনে করেন। তারা এরজন্য বিভিন্ন কারণ দর্শায়— ভাষা অনেক বেশী মানুষ বলেন, উপভাষা বলেন অপেক্ষাকৃত কম সদস্যরা; ভাষাগুলির একটি সাহিত্য থাকে, কিন্তু উপভাষার নয়; ভাষাগুলির অক্ষর থাকে, উপভাষার থাকে না ইত্যাদি।

যা হোক, বাস্তবে এই কারণগুলি ভুল। ভাষাতত্ত্বের দৃষ্টিভঙ্গীতে একটি ভাষা ও উপভাষার মধ্যে কোন পার্থক্য নেই। ভাষা ও উপভাষা উভয়েরই একটি ব্যাকরণ আছে অর্থাৎ যারা নিয়মগুলি জানায়। অবধি, ব্রজ, ভোজপুরীর নিজস্ব ব্যাকরণ আছে ঠিক যেমন হিন্দী, ইংরাজী, সংস্কৃত ও অন্য ভাষার আছে। সাহিত্যের ক্ষেত্রেও ঠিক একইরকম।

অধিকাংশ সাহিত্য লেখা হয়েছে তথাকথিত ভাষাতে, যেমন হিন্দী, ইংরাজী এবং সংস্কৃতে এবং তথাকথিত উপভাষাতেও যেমন অবধি, মৈথিলী এবং ব্রজতে। অক্ষরের বিষয়টিও ঠিক নয়, যেহেতু পৃথিবীর যে কোন ভাষা যে কোন অক্ষরে লেখা যায়।

উদাহরণস্বরূপ— ??? (দেবনগরী অক্ষর), (Shyam khaataa hai) (রোমান অক্ষর)।

এইভাবে, এটি স্পষ্ট যে আমরা কোন পার্থক্য করতে পারি না ভাষা ও উপভাষার মধ্যে অক্ষর, সাহিত্য ও ব্যাকরণের উপর ভিত্তি করে। কোনটিকে ভাষা আর কোন্‌টিকে উপভাষা বলা হবে সেটি একটি সামাজিক ও রাজনৈতিক প্রশ্ন। রমাকান্ত অগ্নিহোত্রী বলেন, ''শক্তিশালী ও ধনী ব্যক্তিরা যে ভাষায় কথা বলেন সেটাই প্রায়ই 'ভাষা' বলে বিবেচিত হয়। ব্যাকরণ ও অভিধানগুলিও এই ভাষার জন্যই লেখা হয়। সাহিত্যও এই ভাষাতেই লেখা হয়। ভাষাও একটি মাধ্যম হয়ে উঠেছে যার দ্বারা বিদ্যালয়ে শিক্ষা দেওয়া হয় এবং এইভাবে একটি প্রামাণ্য ভাষা পরিচিত হয়। ভাষাগুলির যেই প্রামাণ্যভাষার সাথে মিল পাওয়া যায় সেটাই তখন এর উপভাষা বলে পরিচিতি পায়। শাসনকেন্দ্রে যে শক্তি (দল) থাকে সেই অনুযায়ী ভাষার সম্মান বা মর্যাদার পরিবর্তন ঘটে। যখন রাজনৈতিক শক্তির কেন্দ্রে কনৌজ ছিল, তখন সাহিত্যের ভাষা ছিল 'অপভ্রংশ', খাড়ি বোলি, ব্রজ এবং অবধি ছিল এর উপভাষা। একইভাবে, যখন রাজনৈতিক, শক্তির কেন্দ্রে

নোট

'ব্রজ' ছিল, তখন সাহিত্যের ভাষা ছিল ব্রজ এবং খাড়ি বোলি হয়েছিল এর উপভাষা যা দিল্লী ও মীরাটে বলা চলব। আর যখন শক্তির কেন্দ্রে ছিল দিল্লী ওমীরাট তখন হিন্দী ভাষার উপভাষা ছিল ব্রজ এবং অবধি।"

এইভাবে প্রধান বিষয় হল যে ভাষা এবং শক্তির সম্পর্ক বুঝতে হবে এবং সেটাই ভাষা ও উপভাষার সংজ্ঞা ঠিক করে দেয়।

আপনার অগ্রগতি যাচাই করে নিন—3

1. এখন সংবিধানের অষ্টম তালিকায় কটি ভাষা বিবৃত হয়েছে?

   (ক) 14 (খ) 18 (গ) 20 (ঘ) 22

2. 'মাতৃভাষা' কথাটির অর্থ কি?

   _____

   _____

   _____

3. একটি ভাষা ধ্রুপদি ভাষা হিসাবে বিভাগ করতে গেলে প্রয়োজনীয় শর্তগুলি কি?

   _____

   _____

   _____

4. 'ভাষা' ও 'উপভাষা'র মধ্যে কোন পার্থক্য আছে কি?

   _____

   _____

   _____

2.5. ভারতে হিন্দীভাষার অবস্থান

হিন্দী এমন একটি ভাষা যেটি বলা হয় 'হিন্দ' অথবা ভারতে। এর প্রাচীন নামগুলি 'হিন্দুই' (hinduii) ও 'হিন্দ্বী' (hindvii) একই তাৎপর্য বহন করে।

হিন্দী : হিন্দীর এই গঠনটি হিন্দীর অন্য উপভাষার দ্বারা প্রভাবিত হয়নি। এতে সংস্কৃত, আরবী ও ফার্সীর কোন শব্দ নেই।

খাড়ি বোলি : হিন্দীর এই রূপটি প্রামাণ্য হিন্দী বলে বিবেচিত হয় আজ। ব্রজ ও রেখতার থেকে আলাদা এই ভাষাটি সাধারণ লোকের ভাষা, প্রতিদিনের ব্যবহারের ভাষা এবং এই ভাষায় সাহিত্য রচনাও সম্ভব হয়।

নোট

নাগরী হিন্দী : হিন্দীর এই রূপটি সাহিত্য রচনার ক্ষেত্রে ব্যবহৃত হত।

হিন্দুস্তানী : হিন্দী ও উর্দু উভয়েই হিন্দীর এই রূপটির একটি অংশ এবং এই দুটি ভাষারই একটি মিশ্রণ।

প্রামাণ্য বা মর্যাদাপূর্ণ ভাষা : যখন অনেকগুলি উপভাষা বলা হয়, তার একটি উপভাষা বলা হয় শিক্ষিত ও সমারে অভিজাত শ্রেণির দ্বারা তখনই ঐ উপভাষাটি মর্যাদাপূর্ণ বা প্রামাণ্য ভাষায় পরিণত হয়। ''অন্য ভাষাগুলি অপেক্ষা প্রামাণ্য ভাষাটি অপেক্ষাকৃত শুদ্ধ নয়। ভাষার স্তরে সব ভাষাগুলি সমানভাবে সুবিন্যস্ত। কিন্তু হ্যাঁ, তারা সামাজিক স্তর বিন্যাসের দিক দিয়ে সব ভাষা সমান নয়" (Agnihotri, 2007, p.3) হিন্দীর মর্যাদাপূর্ণ আকার বা গঠন তিনটি প্রধান কেন্দ্র মীরাট, দিল্লী এবং আগ্রার হিন্দীর উপর ভিত্তি করে গঠিত।

হিন্দী উপভাষার বিভাগীকরণ হল

- পূর্ব অঞ্চল ——→ পূর্বাঞ্চলীয় হিন্দী
  - অবধি
  - বঢেলী
  - ছত্তিশগড়ি
- বিহার হিন্দী
  - → ভোজপুরি
  - → মাঘী
  - → মৈথিলি
- পশ্চিমাঞ্চল হিন্দী
  - → আকার বহুল
    - কৌরবি
    - হরিয়ানভি
    - দখিনি
  - → ও-কার বহুল
    - → ব্রজ
    - → বুন্দেলি
    - → কনৌজি
- রাজস্থানি হিন্দী
  - → মারওয়াড়ি
  - → জয়পুরি
  - → সেবতি
  - → মালবি
- পাহাড়ি
  - → কুমায়ুন
  - → গারওয়াললি

উপরে উদ্ধৃতর সাথে পাহাড়ি। নিমারি, হরোতি, ধুধরি, অহিরাতিও হিন্দীর উপভাষা। এখানে আমরা বোধহয় হিন্দী ভাষা ও এর উপভাষা সম্বন্ধে বলছি : অবধি, ব্রজ, মৈথিলী, রাজস্থানি, ভোজপুরি ইত্যাদি। কিন্তু এটা মনে রাখা দরকার যে এই উপভাষাগুলি হল ভাষা এবং এরা একবারের জন্যও ভাষার মত মর্যাদা উপভোগ করেছে।

যখন 'খাড়ি বোলি' উপভাষা রাজনৈতিক ও অর্থনৈতিক কারণে সুস্পষ্টতা লাভ করেছে, তখন ভাষাগুলি তাদের স্বাধীন পরিচিতি হারিয়েছে এবং বাধ্য হয়েছে হিন্দীর উপভাষাতে পরিণত

নোট

হতে। ড. রবীন্দ্রনাথ শ্রীবাস্তব লিখেছেন, ''সামাজিক পুনঃ প্রতিষ্ঠান হওয়ার পদ্ধতিতে একটি নির্দিষ্ট উপভাষা অন্য উপভাষাগুলির অপেক্ষা আরও গুরুত্ব পায় তার অর্থনৈতিক, রাজনৈতিক অথবা সাংস্কৃতিক গুরুত্বের কারণে। ফলস্বরূপ, এই 'উপভাষা' ব্যবহৃত হতে শুরু করে যোগাযোগের মাধ্যম হিসাবে অন্য উপভাষাগুলির বক্তাদের সঙ্গে। অন্য উপভাষাগুলির বক্তারা যাদের সামাজিক পরিচিতি ঐ উপভাষার সঙ্গে সময়ে যোগাযোগের মর্যাদাসম্পন্ন (standard) মাধ্যমে পরিণত হয়। বর্তমানে খাড়ি বোলি একটি সমার্থক শব্দ, মর্যাদাসম্পন্ন হিন্দীর এবং এটি একটি ভাষার মর্যাদাই উপভোগ করছে, যখন ব্রজ, অবধি, ভোজপুরি ইত্যাদি আরো কমগুরুত্বের উপভাষাতে পরিণত হয়েছে।'' এখন থেকে যখনই আমরা হিন্দীর কথা বলি, ব্রজ, অবধি, ভোজপুরি, রাজস্থানি ইত্যাদি উপভাষা হিসাবেই চিত্রিত হবে। যাহোক এটা মনে রাখতে হবে যে ভাষা-উপভাষার পার্থক্য যেটা আমরা উপরে আলোচনা করলাম সেটাই।

সাহিত্যের ভাষা হিসাবে হিন্দী :

ব্রজ, মৈথিলি ও অবধি হল সুস্পষ্ট ভাষা যাতে খুব সম্পন্ন সাহিত্য রয়েছে এবং বহুভাবেই এটিকে হিন্দী ঐতিহ্যের একটি অংশ বলা যায়। ব্রজ ভাষায় প্রচুর সাহিত্য লেখা হয়েছে বিংশ শতকের শুরু পর্যন্ত। এই ভাষাতে একটি বিরাট ভৌগোলিক অঞ্চলে এমনকি আজও কথা বলা হয়। সুরদাস, মীরাবাঈ, কেশবদা, রহিম, রসখাঁ, বিহারি, দেব, ধনানন্দ, সেনাপতি, ভূষণ, পদ্মাকর, রত্নাকর এঁরা মধ্যযুগে এই ভাষায় সাহিত্যকে সমৃদ্ধ করেছে।

জ্যায়সী ও তুলসিদাস 'অবধি' ভাষার বিখ্যাত কবি। জ্যায়সীর 'পদ্মাবত' আক্ষরিক অর্থেই অবধিতে রচিত একটি মহাকাব্য। তুলসিদাস মোট 12টি বিখ্যাত সাহিত্যকীর্তি রচনা করেছেন-রামচরিতমানস, কবিতাবলি, গীতাবলি, বিনয়পত্রিকা ইত্যাদি। গীতাবলি, বিনয়পত্রিকা ও কবিতাবলি ব্রজ ভাষায় লেখা। তুলসিদাস ব্রজ ও অবধি ভাষায় সমান দক্ষতা নিয়ে লিখেছেন।

বিভিন্ন সুফি কবি যেমন কবির, দাদু, রেদা ও গুরু নানক সুফি সাহিত্যকে সমৃদ্ধ করেছে।

আধুনিক কালে, ভারতেন্দু, মহাবীর প্রসাদ দ্বিবেদী, বাল কৃষ্ণ ভট্ট, প্রসাদ, পন্ত, নিরালা, মহাদেবি, অগ্য, রঘুবীর সহায় ও অন্য অনেক লেখক হিন্দী সাহিত্যকে নতুন আকার দিয়েছেন ও এতে অনেক শক্তির সঞ্চার করেছেন। কবিতা, গল্প, নাটক, ঐতিহাসিক হিসাব, সমালোচক, আত্মজীবনী, ভ্রমণকাহিনী, রচনাগুলি, ডাইরীর (দিনপঞ্জি) হিসাব, প্রতিবেদন প্রভৃতি এই গ্রন্থকাররা তাৎপর্যপূর্ণভাবে হিন্দীর উন্নতির জন্য হিন্দী সাহিত্যে দিয়েছেন।

হিন্দীতে সংবাদপত্রগুলি ও ম্যাগাজিনের প্রকাশনা হিন্দীর স্থিরতাকে নির্দেশ করে। এটা বলা প্রাসঙ্গিক যে প্রথম হিন্দী সংবাদপত্র 'উড়ন্ত মাত্রাও' কলকাতা থেকে 1826 সালে প্রকাশিত হয় ও সেই সঙ্গে দ্বিতীয় সংবাদপত্র 'বঙ্গদূত'। কলকাতা ও অ-হিন্দী ভাষী বাঙালীরও তাৎপর্যপূর্ণ ভূমিকা আছে হিন্দী সংবাদপত্র ও ম্যাগাজিনের উন্নতিতে ও প্রকাশে।

নোট

প্রশাসনের ভাষা হিসাবে হিন্দীর উন্নতি :

বিধানসভার হিন্দীকে অফিসিয়াল/কার্যকরী ভাষা হিসাবে গ্রহণ করেছে ১৯৪৯-এর ১৪ই সেপ্টেম্বর। এর অর্থ এই নয় যে হিন্দীর কোন পরিচিতি ছিল না একটি আঞ্চলিক ভাষা হিসাবে এই উন্নতির পূর্বে। বিভিন্ন প্রশাসনিক কাজ রাজদপ্তরে (রিয়াসত) গোয়ালিয়র, জয়পুর ইত্যাদি অঞ্চলে সম্পূর্ণ হিন্দীতে হয়েছিল। আরও, যদিও ইংরাজি ছিল ভারত সরকারের কার্যালয়ের ভাষা, ব্রিটিশদের পক্ষে প্রয়োজন ছিল হিন্দী শেখার ও এটা শুরু হয়েছিল 1800 এর পূর্বে ফোর্ট উইলিয়াম কলেজের প্রতিষ্ঠার সময়ে। 1878-79 তে প্রয়োজন ছিল প্রত্যেক অফিসিয়াল যারা ইংল্যান্ড থেকে ভারতে এসেছিলেন তাদের হিন্দী ও হিন্দুস্তানী জানতে। 1925 সালে, গান্ধীজির চেষ্টাতে কংগ্রেস স্থির করেছিল যে হিন্দুস্তানী রোজকার ভাষা হিসাবে ব্যবহার করতে।

বর্তমান মর্যাদা : হিন্দী কেলবমাত্র কেন্দ্রীয় সরকারের অফিসের ভাষাই নয়, অন্যান্য রাজ্য সরকারের দপ্তরের ভাষাও হিন্দী। এটা সাধারণ জ্ঞান যে আজ যে সব রাজ্যগুলিতে কার্যালয়ের ভাষা হিন্দী, সেখানে বেশীরভাগ প্রশাসনিক কাজ হিন্দীতেই হয়। উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, বিহার ও রাজস্থানের উচ্চ-আদালত তাদের সিদ্ধান্ত ও যাবতীয় তথ্য জমা করে হিন্দী ভাষাতেই। অনেক রাজ্যে হিন্দী একান্তর মাধ্যম বিজ্ঞান, কলাবিদ্যা, আইন প্রভৃতি বিষয়ে স্নাতক স্তরের শিক্ষাদানে। হিন্দীতে কম্পিউটার (সংগণক) বিজ্ঞান শিক্ষাও বিভিন্ন কেন্দ্রে চালু করা হয়েছে। প্রকৃতপক্ষে সরকারী অফিসে বা কার্যালয়ে কম্পিউটারের বিভিন্ন ধরণের কাজ হিন্দীতে হচ্ছে।

হিন্দী একান্তর মাধ্যম হিসাবে ব্যবহৃত হচ্ছে বিভিন্ন নিয়োগ পরীক্ষাগুলিতে গুরুত্বপূর্ণ কেন্দ্রীয় সরকারী অফিস, প্রতিষ্ঠান, ব্যাঙ্কগুলিতে, যদিও এই পরীক্ষাগুলিতে ইংরাজী একটি গুরুত্বপূর্ণ পেপার। সর্বশেষে বলা যায়, বিরাট বড় ক্ষেত্রে সাধারণ মানুষের যোগাযোগের মাধ্যম হিসাবে হিন্দী চলে আসছে।

আপনার অগ্রগতি যাচাই করুন—8(4)

1. জ্যায়সী'র পদ্মাবত' কোন ভাষায় লিখিত?
   (ক) ব্রজ (খ) অবধি (গ) মৈথিলি (ঘ) হিন্দী।
2. 'হিন্দুস্তানি' নামটি কোন্ দুটি ভাষাকে নির্দেশ করে?

   _____

   _____

   _____
3. হিন্দী কেবলমাত্র কেন্দ্রীয় সরকারের অফিসিয়াল ভাষা নয়, বিভিন্ন রাজ্য সরকারেরও অফিসিয়াল ভাষা। রাজগুলির নাম কর।

_____

_____

_____

নোট

4. সংক্ষেপে বর্ণনা কর সাহিত্যের ভাষা হিসাবে হিন্দীর উন্নতি।

_____

_____

_____

2.6. ভারতে ইংরাজি ভাষার মর্যাদা :

খ্রিস্টান মিশনারীরা ব্রিটেন থেকে ভারতে আসেন 1813 খ্রি. ও বিভিন্ন প্রাথমিক বিদ্যালয় স্থাপন করেন যেখানে স্থানীয় ভাষাই শিক্ষার মাধ্যম হিসাবে চলত। পরে তারা বিভিন্ন ইংরাজী মাধ্যম উচ্চ বিদ্যালয় প্রতিষ্ঠা করেছিলেন। ব্রিটিশ প্রশাসকরা 1857 খ্রী. তাদের বিশ্ববিদ্যালয়গুলি প্রতিষৎা করেছিলেন ও ইংরাজি প্রথম ভাষা হিসাবে এল ভারতীয় শিক্ষায়। যেসব ভারতীয়রা ইংরাজিতে দক্ষ ছিলেন তারা হয়ে উঠলেন নতুন অভিজান শ্রেণি। অনেক ইংরাজি-মাধ্যম বিদ্যালয় চালু হল। বিশ্ববিদ্যালয় স্তরেও ইংরাজি হয়ে উঠল শিক্ষার মাধ্যম ও উচ্চাকাঙ্ক্ষী ভারতীয়রা সেই বিদ্যালয়গুলিতে গেল যেখানে ইংরাজিকে জোর দেওয়া হয়েছে। এমনকি স্বাধীনতার পরেও ইংরাজি ভাষাতে জোর দেওয়া হয়েছে। সরকারী স্তরে এটি সহযোগী অফিসিয়াল ভাষার মর্যাদা পেয়েছে। এমনকি আজও যে বিদ্যালয়গুলি ইংরাজিতে জোর দেয় সেগুলিকে অপেক্ষাকৃত ভালো বিদ্যালয় বলে। এই পরিস্থিতি বিশ্ববিদ্যালয় স্তরেও ভিন্ন নয়।

1970-1980-র মধ্যে ভারতীয় বিদ্যালয়গুলির এক-তৃতীয়াংশ বিদ্যালয় ইংরাজি মাধ্যম। আজও ইংরাজি গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়। এর কারণগুলি নিম্নরূপ :

গুরুত্বপূর্ণ বই ও তথ্যসম্পদ, ইংরাজিতে লিখিত।

ব্যবসা-বাণিজ্যের ভাষাও ইংরাজি।

ইংরাজির দক্ষতা হল বিদগ্ধ ও গভীর ব্যক্তিত্বের পরিচায়ক।

শিক্ষার মাধ্যম হিসাবেও ইংরাজি ব্যবহৃত।

বিশ্বজুড়ে বিজ্ঞান, প্রযুক্তিবিদ্যা, কৃষি ও ব্যবসাতেও ইংরাজি যোগাযোগের মাধ্যম।

আন্তর্জাতিক স্তরে ইংরাজির গুরুত্বপূর্ণ মর্যাদা আছে। বিশ্বের বেশীরভাগ দেশই এই ভাষা বলে ও বোঝে।

সরকারী স্তরেও ইংরাজী গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়।

রাজ্যগুলি আঞ্চলিক ভাষা ব্যবহার করে অফিসের কাজের জন্য কিন্তু ইংরাজি তাদের সাহায্য করে যোগাযোগের জন্য।

নোট

বিদ্যালয়ের পঠক্রমে ইংরাজির স্থান :

দ্য সেকেণ্ডারী এডুকেশন কমিশন (1952-53) জোর দিয়েছে ইংরাজির গুরুত্বে। শিক্ষা কমিশনও (1964-66) এর সাথে সহমত। এটাই ত্রি-ভাষা সূত্রের প্রস্তাব দিয়েছে দশম শ্রেণি পর্যন্ত। ত্রি-ভাষা সূত্রে বলা হয়েছে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় ভাষা বিদ্যালয়ে হবে :

প্রথম ভাষা :

প্রথম ভাষা যেটি বিদ্যালয়ে শেখানে হবে, সেটা হবে মাতৃভাষা বা আঞ্চলিক ভাষা।

দ্বিতীয় ভাষা :

যে কোন আধুনিক ভাষা বা ইংরাজি, হিন্দী-ভাষী রাজ্যগুলোয়।

হিন্দী বা ইংরাজি অ-হিন্দী ভাষী রাজ্যগুলোয়।

তৃতীয় ভাষা :

হিন্দী-ভাষী রাজ্যগুলিতে ইংরাজি বা কোন আধুনিক ভারতীয় ভাষা যেটি দ্বিতীয় ভাষা হিসাবে শেখানো হয়নি।

অ-হিন্দী ভাষী রাজ্যগুলিতে ইংরাজি অথবা কোন আধুনিক ভারতীয় ভাষা যেটি দ্বিতীয় ভাষা হিসাবে শেখানো হয়নি।

জাতীয় পাঠক্রমের গঠনকর্ম-2005 অনুযায়ী, ''বহুভাষার দেশের মধ্যে ভারতে ইংরাজি একটি বিশ্বভাষা.....ইংরাজি শিক্ষার লক্ষ্য হল বহুভাষার সৃষ্টি যা আমাদের সব ভাষাকে সমৃদ্ধ করে.....বিভিন্ন রাজ্যে ইংরাজি অন্যান্য ভারতীয় ভাষার সঙ্গে জায়গা করে নিয়েছে, যেখানে শিশুদের অন্য ভাষাগুলি ইংরাজি শিক্ষা ও শিখনকে ও 'ইংরাজি মাধ্যম' বিদ্যালয়গুলি যেখানে অন্য ভারতীয় ভাষার দর বেঁধে দিয়ে ইংরাজির উচ্চ কর্তৃত্বকে কমিয়ে আনা...সমস্ত শিক্ষক/শিক্ষিকা যারা ইংরাজি শেখান তাদের প্রাথমিক দক্ষতা থাকতে হবে ইংরাজিতে।.....ইংরাজি দশম শ্রেণীতে অকৃতকার্যতার একটি প্রধান কারণ। একটি শিক্ষার্থীকে 'ইংরাজি ছাড়াই কৃতকার্য' করা গেলে যদি একান্তর একটি পথ ইংরাজিকে রাশিকরণ করে (সেই কারণে নির্দেশ) নিয়মিত বিদ্যালয় পাঠক্রমের বাইরে রাখা যায়।"

আপনার অগ্রগতি যাচাই করে নিন-5

1. 1813 খ্রি. যখন ব্রিটিশরা ভারতে এসেছিল, প্রাথমিক বিদ্যালয়গুলির শিক্ষার মাধ্যম তাদের দ্বারা শুরু হয়েছিল—
   (ক) ইংরাজি (খ) হিন্দী (গ) হিন্দুস্তানি (ঘ) আঞ্চলিক ভাষা।
2. ইংরাজি জানা হল অপেক্ষাকৃত ভালো শিক্ষা, সমৃদ্ধ সংস্কৃতি ও উচ্চতর IQ/বুদ্ধ্যঙ্ক যুক্ত, আপনি কি এই বিবৃতির সাথে একমত? উত্তর দিন কারণ দেখিয়ে।
3. স্বাধীন ভারতে ইংরাজি একটি গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে ঔপনিবেশিক ভাষা হওয়া সত্ত্বেও, কেন?

নোট

2.7. ভারতে ভাষাশিক্ষানীতি

স্বাধীনতার সময় থেকে কেন্দ্র এবং রাজ্য সরকারগুলি শিক্ষার প্রতি-যত্নশীল বিবেচনা আরোপ করেছেন। জাতীয় উন্নতি এবং নিরাপত্তার বিষয় হিসাবে। শিক্ষার প্রতি বিভিন্ন সমিতি ও কমিশনগুলি সুপারিশ করেছেন। ভারতে শিক্ষানীতিকে বোঝার জন্য।

শিক্ষার জাতীয় পন্থা, 1963 সমর্থন করলেন যে ভারতীয় ভাষা ও সাহিত্যের উন্নতি হল শিক্ষা ও সংস্কৃতি উন্নতির জন্য প্রয়োজনীয় শর্ত। যে পর্যন্ত না এটা করা যাচ্ছে, জনগণের সক্রিয় শক্তিগুলিকে সদ্ব্যবহার করা যাবে না। শিক্ষার মর্য্যাদার ক্ষেত্রে কোন উন্নতি হবে না। শিক্ষা সংক্রান্তএবং সাধারণ জনগণের ঘাটতির সংযোগস্থাপন ঘটবে না। আঞ্চলিক ভাষার-ব্যবহার, শিক্ষার মধ্যমা হিসাবে প্রাথমিক ও মাধ্যমিক শ্রেণীগুলিতে বহু বছর ধরে উৎসাহিত করে আসছে। আরও বলা হয়েছে যে রাজ্য সরকার মাধ্যমিক শ্রেণীগুলিতে ত্রিভাষাসূত্র চালু করতে বাধ্য করেছেন। এভাবে মাধ্যমিক বিদ্যালয়গুলিতে শিশুদের তিনটি ভাষা শেখা উচিত।

যখন ভাষার উন্নতির কথা বলা হচ্ছে শিক্ষার জাতীয় পন্থা, 1986কে গ্রহণ করা হয়েছে যে শিক্ষার জাতীয় পন্থা, 1986 অর্থবহুলভাবে দ্রুতগতিতে চালু করা হবে। এই প্রসঙ্গে রামূর্তি কমিটি, 1990 শিক্ষার জাতীয় পন্থা, 1986 কে পুনর্মূল্যায়ণ করেছেন যে তাৎপর্য্যপূর্ণভাবে মন্তব্য করেছেন যে কেন গ্রামীন শিশুরা উচ্চশিক্ষাকে স্পর্শ করতে পারছে না ইংরাজী ভাষার প্রতিনিয়ত কর্তৃত্ব। এটাই অন্তিম সময় যে শিক্ষার মাধ্যম হিসাবে সর্বস্তরে আঞ্চলিক ভাষাগুলিকে উৎসাহিত করা হবে।

এন. সি. এক-2005 অনুসারে শিশুদের ভাষা অর্জনের ক্ষেত্রে একটা সহজাত শক্তি আছে। অধিকাংশ শিশুদের ভাষার নিয়মালবীও বিভিন্ন জটিলতা সম্বন্ধে আন্তর্জাতিক স্তরে দেখা গেছে। তারা বিদ্যালয়ে প্রবেশ করার আগে এবং যখন তারা বিদ্যালয় আরম্ভ করে বুঝতে পারে এবং দু-তিনটি ভাষায় কথা বলে।

পাঠক্রমের গঠন কাজকে বলা হয়েছে প্রভাবিত প্রয়োগ ত্রিভাষা সূত্রের ক্ষেত্রে। উপজাতি ভাষা শিক্ষার মাধ্যম হিসাবে, শিশুদের মাতৃভাষা প্রয়োগের মাধ্যমে একটা বিশেষ জোর আছে। ভারতীয় সমাজে বহুভাষার চরিত্রকে বহুভাষার উন্নতি হিসাবে প্রতিটি শিশুর মধ্যে একটা উৎস হিসাবে মনে করা হয় এবং ইংরাজীতে দক্ষতা হল এই প্যাকেজের একটি অংশ। এটা কেবলমাত্র সম্ভবপর যদি ভাষা শিক্ষার শিশু মনস্তত্ত্ব মাতৃভাষার ব্যবহারের উপর-আরোপিত হয়।

দ্বিভাষাতত্ত্ব অথবা বহু ভাষাতত্ত্বের নির্দিষ্টভাবে জ্ঞানীয় উপকারগুলি আছে। ত্রিভাষা সূত্র হল সুযোগ সুবিধা ও ভাষার স্পর্ধার প্রতি ব্যবহার। এটা একটা ভাবমূর্তি যা বিভিন্ন ভাষার শিক্ষার পথকে নির্দিষ্ট করে।

নোট

তোমার উন্নতি ভালভাবে দেখ-6

1. কোন্ বছরে শিক্ষার জাতীয় পন্থাগুলি প্রকাশিত হয়েছিল?
   (ক) 1963 (খ) 1986 (গ) 1990 (ঘ) 1992
2. ত্রিভাষা সূত্র কি বর্ণনা করে?
3. কি সুবিধাগুলো শিক্ষার জাতীয় পন্থা, 1963 চিন্তা করবে প্রকাশিত হতে ভারতীয় ভাষা ও সাহিত্যের উন্নতির জন্য?

2.8. এস সংক্ষেপে বলি

বহু ভাষাভাষির হল ভারতীয় ভাষা ঐতিহ্যের অবিচ্ছেদ্য অংশ।

মৌলিকত্বে ও সামাজিক স্তরে বহু ভাষার অধিকারী হওয়াটা ভারতের পক্ষে সমস্যা নয়। এটা বাস্তবিকভাবে একটি উৎস এবং সাংস্কৃতিক প্রাচুর্য্যের প্রকাশ হিসাবে।

বহুভাষাভাষিত্ব হল একটি উৎস কারণ জনগণ যারা একটির বেশী ভাষা জানে না ঠিক ভাষার দক্ষ ব্যবহারকারী কিন্তু সমাজে তাদের মতবাদ হল সজীব।

সংস্কৃতি এবং ভাষার প্রতি দৃষ্টিভঙ্গী একটা মুখ্য ভূমিকা আছে একভাষী অথবা বহুভাষী দেশের পক্ষে ভূমিকা পালন করতে।

যদি আমাদের একটা খোলামেলা বৈচিত্র্য থাকে ভাষার মধ্যে যার থেকে সকল ভাষার অস্তিত্ব ও বর্ধনশীলতা সম্বন্ধে।

বিপরীতপক্ষে অসহিষ্ণুতা এবং সংকীর্ণ চিন্তাধারা ভাষা সম্বন্ধে আমাদের নিজস্ব কাররগুলি অনৈক্য ও অসম্মতির চেয়ে।

চারটি বিভিন্ন ভাষাভাষির পরিবারের ভাষায় ভারতে কথা বলা, কিন্তু আমরা তবু একভাষাভাষির এলাকায় আছি।

ভাষা বিজ্ঞান বিন্দু থেকে ভাষা ও উপভাষার মধ্যে পার্থক্য নেই। গল্পগুলি, কবিতাগুলি, নাটকগুলি, ঐতিহাসিক হিসাব, সমালোচনা, জীবনচরিত, প্রবন্ধগুলি, ভ্রমরের পূর্ণ বিবরণ, জীবনপঞ্জি, প্রতিবেদন প্রভৃতি হিন্দীর বর্ধনশীলতায় দায়বদ্ধ।

হিন্দীকে ভারতীয় ভাষার ইউনিয়ন হিসাবে অফিস সংক্রান্ত ভাষা হিসাবে ঘোষণা করা হয়েছিল এবং ইংরাজীকে 1949 সালের 14ই সেপ্টেম্বর বিধানসভায় সহযোগী অফিস সংক্রান্ত ভাষা হিসাবে ঘোষণা করা হয়েছিল।

বহু ভাষাভাষীর দেশ হিসাবে ভারতে ইংরাজী হল বিশ্বভাষা ত্রিভাষা সূত্র হল ভাবমূর্তি যা বহুভাষার শিক্ষার পথ হিসাবে নীচে রাখে।



নোট

2.9. প্রস্তাবিত পঠনপাঠন এবং উল্লেখ :

অগ্নিহোত্রী, আর. কে. 2007 হিন্দী; এন. এসেন্সসিয়্যাল গ্রামার, লণ্ডন; রাউটলেজ অগ্নিহোত্রী, আর. কে.-2007 টুওয়ার্ডস্ এ পেডাগোগিক্যাল প্যারাপিজম্ রুটেড্ ইন্ মাল্টিলিংগুয়োলিটি।

ইন্টারন্যাশান্যাল মাল্টিলিংগুয়্যাল রিসার্চ জার্নাল- ভল্ (2) - (1-10)

অগ্নিহোত্রী, আর. কে এ্যাণ্ড বন্দ্যোপাধ্যায়, পি. কে. 2000 (ইডি) ভৈসাঃ বহু ভাষিতা আওয়ার হিন্দী নিউ ডেলহি, শীলালেখ।

অগ্নিহোত্রী, আর. কে এ্যাণ্ড কুমার সঞ্জয় 2002-বৈশা, বলি আওয়ার সমা, ই. কে আনট্ সমভাড্ নিউ ডেলহি-দেশকাল।

আগরওয়াল, জে. সি-2006-রাষ্ট্রীয় শিক্ষানীতি নিউ ডেলহি প্রভাত।

ভাতিয়া, কৈলাশ চন্দ্র-1989-ভারতীয় ভাষায় নিউ ডেলহি, প্রভাত।

ন্যাশান্যাল কারিকুলাম ফ্রেমওয়ার্ক (এন্ সি এফ্) 2005, নিউ ডেলহি, এন সি ই আর টি।

2.10. একক অন্তিম অনুশীলনী :

1. তোমার নিজের ভাষায় ভাষার বৈচিত্র্য বর্ণনা কর।

2. বহুভাষা সমস্যা নয়, কিন্তু ভারতের পক্ষে উৎস—ব্যাখ্যা কর।

3. কোন্ ভাষার পরিবারগুলিকে ভারতে দেখা যায়?

4. ভারতবর্ষ এক ভাষার এলাকা ব্যাখ্যা কর—কিভাবে?

5. একটি ভাষাকে প্রাচীন ভাষায় ঘোষণা করতে স্থিতিমাপগুলি কি?

6. ব্রজ, মৈথিলী এবং আওয়াধি হিন্দী সাহিত্যের উন্নতির জন্য গভীরভাবে ঋণী। এই বিবৃতির সমর্থনে ও বিরুদ্ধে কারণসহ আলোচনা কর।

7. সমালোচনা, জীবনচরিতগুলি, আত্মজীবনীগুলি, চরিত্র চিত্রণগুলি, প্রতিবেদনগুলি, প্রাত্যহিক জীবনপঞ্জীগুলি, ভ্রমণ বৃত্তান্তগুলি, নাটকগুলি, প্রবন্ধগুলি সকলই হিন্দী সাহিত্যের উন্নতির করণে সহায়তা করেছে—এই বিবৃতির ব্যাখ্যা দাও।

8. বহুভাষাভাষিত্ব সম্বন্ধে এন. সি. এফ-2005 কি বলে? এর সমর্থনে তোমার মতামত কি?

9. বর্তমানে ভারতীয় সংবিধানের ৮ম তালিকায় কতগুলি ভাষা আছে? তাদের নাম বল।

10. সদর্থক দৃষ্টিভঙ্গী যে নাগা সম্প্রদায়ের ভাষাবৈচিত্র্যের সমর্থনে সেগুলি বহুভাষাভাষী। নাগা সম্প্রদায়ের সদর্থক দৃষ্টিভঙ্গীর প্রেক্ষিতে ভাষাবৈচিত্রে কি যোগান আছে?

নোট

কার্যকলাপ :

1. তোমার চারিদিকের একটি অথবা দুটি গ্রামের জরিপ সম্বন্ধে আলোচনা কর। এবং খুঁজে বের কর যদি গ্রামের লোকেরা বহুভাষাভাষির কিনা? আরও জানাও তারা যে ভাষাগুলি জানে।
2. হিন্দীভাষী শিশুদের জন্য হিন্দী দিবসে তুমি কোন কার্য্যকলাপগুলি সংগঠিত করবে?
3. খুঁজে বের কর তোমার চারিদিকের 'ত্রিভাষা সূত্র' বিদ্যালয়গুলিতে কোন্ ভাষায় শিক্ষা দেওয়া হয়?

নোট

একক - 3 ভাষার শিক্ষণ ও শিখন

কাঠামো :

3.0—ভূমিকা।

3.1—শিক্ষার বিষয়

3.2—প্রথম ভাষা অর্জন

3.2.1.—ভাষার প্রতি মানবদেহের জীবনবিজ্ঞানগত গ্রহণ

3.2.2.—পরিবেশের ভূমিকা

3.2.3.—অর্জিত ভাষার স্তরগুলি

3.3—দ্বিতীয় ভাষা অর্জন/শিখন

3.3.1—দ্বিতীয় ভাষাকে কি প্রথম ভাষার মত অর্জন করা যাবে?

3.3.2—কিভাবে আমরা শিশুদেরকে তাদের দ্বিতীয় ভাষা অর্জন করতে সাহায্য করতে পারি?

3.3.3—শিখনের কি ভূমিকা? দ্বিতীয় ভাষা শেখার সামর্থ্যের জন্য?

3.3.4—আমাদের প্রথম ভাষা কি দ্বিতীয় ভাষার শিক্ষণের জন্য নাক গলায়?

3.4—ভাষা শিক্ষণ পদ্ধতি।

3.4.1.—ব্যাকরণ অনুবাদ পদ্ধতি

3.4.2.—প্রত্যক্ষ পদ্ধতি

3.4.3.—ভাষাসংক্রানত শব্দ প্রেরণ পদ্ধতি

3.4.4.—আলাপপ্রিয় পদ্ধতি

3.4.5.—প্রাকৃতিক কার্য্যসাধন পদ্ধতি

3.5—সংক্ষেপে বলা যাক্

3.6—প্রস্তাবিত পঠন ও উল্লেখ

3.7—এক অন্তিম অনুশীলনী

3.0. ভূমিকা :

শ্রেণীকক্ষে ভাষা শেখাতে কিভাবে প্রচুর শেখানো যাবে, যদি আমরা যত্ন সহকারে কিভাবে শেখানোর পদ্ধতি আমাদের বাড়ীতে অধ্যয়ন করি। এই এককটি ভাষা শেখানো এবং ভাষা শিক্ষা দেওয়ার মধ্যে সম্পর্কের মধ্যে আলোচনা করবে। এই এককটি প্রাথমিক প্রশ্ন জিজ্ঞাসার মাধ্যমে আরম্ভ হয়। কিভাবে শিশুরা ভাষাকে অর্জন করে? এটা ভাষার জন্য এই প্রশ্ন জিজ্ঞাসা করবে যে শিশুরা বাড়ীতে ভাষা শিখে। এটা তখন আলোচনা করবে কিভাবে দ্বিতীয় ভাষা শিখতে গিয়ে

নোট

কর্মক্ষমতা বাড়ানোর পদ্ধতি অর্জন পদ্ধতির সাথে সমতা প্রকাশ করবে। এটাও দাবিকে সমর্থন জানানোর জন্য তথ্য যোগান দেবে যে দ্বিতীয় ভাষার অধিকাংশ ভ্রান্তিগুলো প্রথম ভাষার তদারকির ক্ষেত্রে সহায়ক হবে। এই একক দ্বিতীয় ভাষা শিক্ষণ পদ্ধতি এবং বিভিন্ন কর্মসাধন পদ্ধতি দিয়ে শেষ হবে। দ্বিতীয় ভাষাগুলিকে অবসর সময়ে একত্রে প্রয়োজন একটা পদ্ধতি প্রয়োগ করতে যা একটা শিশুর ভাষা শিক্ষার প্রাকৃতিক কর্মসাধন পদ্ধতি।

3.1. শিক্ষার বিষয়গুলি

কিভাবে শিশুরা তাদের প্রথম ভাষা আয়ত্ব করে?

1. দ্বিতীয় ভাষা শিক্ষা ও প্রথম ভাষার কর্মসাধন পদ্ধতির মধ্যে সম্পর্ক কি?

3. কিভাবে শ্রেণীকক্ষে ভাষা শিক্ষা দেওয়া উচিত?

3.2. প্রথম ভাষার কর্মসাধন পদ্ধতি :

1970 সালে ক্যালিফোর্ণিয়া রাজ্যে একটি বালিকা 'জেনী'কে শিশু হাসপাতালে ভর্তি করা দ্রহয়েছিল। তার বয়স ছিল 13 বছর সেই সময় এবং একটি ছোট কক্ষে তাকে রাখা হয়েছিল। তা কূড়ি মাস বয়স পর্যন্ত। তার কারাবাস পর্যন্ত তাকে পটি চেয়ারে বেঁধে রাখা হত অথবা গৃহনির্মিত ঘুমন্ত ব্যাগের মধ্যে রাখা হত যেটা মেস তার দ্বারা জড়ানোছিল। তার টি.ভি. অথবা বেতার দেখার অধিকার ছিল না কেবলমাত্র তার মা তাকে দেখাশুনা করত। যিনি তার খাদ্য যোগান দিতেন। এই পরিস্থিতির কারণ ছিলেন তার বাবা যিনি শব্দ শুনতে অসহ্য ছিলেন। যিনি তাকে প্রতিবারই প্রহার করতেন। যখন গিনিকে দেখা গেল, সে বাক্যহীন ছিল, এইভাবে বৎসরের পর বৎসর বাড়ীর সাধারণ পরিবেশে থাকায় পূর্ণভাবে ব্যাকরণ বাক্য বলতে সক্ষম ছিল না।

সন্ধ্যা ছিল 20 বছরের যখন মোটর গাড়ী দুর্ঘটনার শিকার হয়। সে তার মাথায় আঘাত প্রাপ্তির জন্য আহত হয়েছিল, তাই তার মাথার নানাদিক ক্ষতিগ্রস্ত হয়েছিল। ফলস্বরূপ সন্ধ্যার বাক্যক্ষমতায় কঠোরভাবে প্রভাব বিস্তার করেছিল। যখন তাকে প্রাতরাশ খাওয়ার কথা বলা হত সে বলত 'ম্যাঁয় পোহা খা আউর পি দুধ'।

হোমনা আমার বন্ধুর সাড়ে চার বছরের নাতনী। সে দিল্লীতে জন্মগ্রহণ করেছিল এবং সে হিন্দী, ইংরাজী, পাঞ্জাবী ও মণ্ডালী ভাষায় কথা বলত। সে একই সময়ে এই সকল ভাষা শুনতে আরামপ্রিয় ছিল এবং তার বক্তাদের সাথে কথা বলার মাধ্যমে প্রভাববিস্তার করত। তাকে আড়াই বছর বয়সে দক্ষিণ ভারতের বিশেষত ব্যাঙ্গালোরে ও কর্ণাটকে নিয়ে যাওয়া হয়েছিল। ফলস্বরূপ, সে কানাডা ও তামিল ভাষা শুনতে আরম্ভ করেছিল। আজ সে তার চাকরবাকরদের সাথে ভালভাবে এবং অনর্গলভাবে তামিল ভাষায় কথা বলতে পারে। যখন কোনব্যক্তিই তাদের কথোপকথনের একটু অংশ বুঝতে পারে না। সে কানাডা ও তামিল ভাষায় গান করে জড়তাবিহীনভাবে এবং এই ভাষাগুলি তার বন্ধুদের সাথে ব্যবহার করে। সে ঠিক একই সময়ে হিন্দী ও ইংরাজী ভাষার অনর্গল বক্তা।

নোট

কিবে আমরা ভাষাকে অর্জন করব উপরের সত্যজীবনের পরিস্থিতিগুলি আমাদের বলে? আমরা কি সরলভাবে যেকোন ভাষাকে গ্রহণ করতে পারি, কারণ এটা আমরা আমাদের চারদিকে শুনি অথবা আমাদের জীবনবিজ্ঞান কি ভূমিকা নেয় এই কর্মসাধনে? সন্ধ্যা, গিনী এবং হোমনা কি তাদের উভয়ের একটু করে অংশ দিয়ে তথ্য পরিবেশন করে। সন্ধ্যার কথা বলার সক্ষমতা আমাদেরকে প্রভাবিত করে যখন সে মস্তিষ্কে আহতাবস্থায় এবং গিনী কোন কথা বলে না যখন তাকে কাহারও সম্মতি দেওয়া হয়নি। হোম না বিপরীতভাবে একাধিক ভাষা শিখে যা সে তার যত্ন নেওয়া বাড়ীর পরিবেশে স্বরূপ প্রকাশ করে। হোমার মত অধিকাংশ শিশুরা একাধিক ভাষা শেখে, তাদের 22 পরিবেশে কোন প্রকার যথোপযুক্ত শিক্ষণ ছাড়া এবং যা মনে হয় চেষ্টাহীন ব্যাপার। আমাদের জীবনবিজ্ঞান আমাদেরকে গভীর শক্তি ভাষার অর্জনের জন্য যোগান দেয় সাথে সাথে আমাদের পরিবেশ আমাদেরকে অর্জিত খোলামেলা পরিবেশ দেয়। এটা এরূপভাবে অর্থহীন কারণ ভাষা জন্মগত অথবা একে শিখতে হবে। ভাষার কর্মসাধন পদ্ধতিতে প্রকৃতি ও প্রশিক্ষণের একটা ভূমিকা আছে।

প্রথম এককে আমরা ভাষা কিভাবে কষ্টসাধ্য এবং জটিল তা আলোচনা করেছি। তথাপি কালক্রমে একটি শিশু 3/4 বৎসরের সে একটি ব্যাকরণ বুঝতে কেবল নয় আরও 2/3টি ভাষাও জানে। এটা পরিষ্কারভাবে দেখায় যে কিভাবে মানুষ জন্মগ্রহণ করে তার ভাষা শেখার প্রতি সহজাত সক্ষমতা প্রয়োগ করে এবং সকল শিশু সহজাত সক্ষমতা নিয়ে বিদ্যালয়ে আসে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে প্রতিটি ব্যক্তি শিক্ষার সাথে কাজ করে এটার সমাধান করতে পারে। এটা বুঝতে অত্যন্ত গুরুত্বপূর্ণ য এই সক্ষমতা ফুল ফোটাবে না যদি এটা ঐশ্বর্যপূর্ণ ভাষা এবং স্নেহপূর্ণ পরিবেশ না পায়।

তোমার উন্নতি ভালভাবে দেখ-1

1. শিশুটি কি বলে, ''ম্যাঁয় পোহা খা আউর দুধ''?

(ক) যেহেতু তার মাথার বামদিক আহত হয়েছিল।

(খ) যেহেতু সে ঐশ্বর্যপূর্ণ ভাষা পরিবেশ পায় নি।

(গ) যেহেতু তাকে কথা বলার ক্ষেত্রে অভ্যাস দেওয়া হয়নি।

(ঘ) যেহেতু সে ভাষা অর্জন করতে সক্ষম হয়েছিল না।

2. তোমার শৈশবে তোমার বাড়ীর পরিবেশে তুমি কতকগুলি ভাষা শিখেছিলে?

3. তোমাদের বিদ্যালয়ে তাদের গৃহ-পরিবেশে শিশুরা কতকগুলি ভাষা শিখে?

নোট

4. দুটি জিনিস কি যে আমাদের মনে রাখতে হবে ভাষার জন্য শিক্ষার পরিবেশ যোগান দিতে?

5. চার বছরের একটি শিশুর সাথে কথা বল। তার সাথে 20 মিনিট কথা বল। সেকি তোমাকে বলতে পারবে সে কি চায়? সেকি তোমাকে বলতে পারে যা সে চায় না? সেকি বলতে পারে তোমাকে সে কি পছন্দ করে বা অপছন্দ করে? সেকি তোমাকে প্রশ্ন জিজ্ঞাসা করতে পারে? সেকি জিজ্ঞাসা করতে পারে কোন কিছুর জন্য?

3.2.1. ভাষার প্রতি মানবদেহের জীবনবিজ্ঞানগত গ্রহণ :

মানুষ জীবনবিজ্ঞানগতভাবে ভাষার জন্য গ্রহণ করা হয়েছে। প্রয়োজনীয়ভাবে এটা অর্ত করে যে মানুষ স্বর উৎপাদন করতে পারে এবং শ্রবণ করে এই স্বরগুলি নির্মাণ করতে পারে যেহেতু তার শরীরের বিভিন্ন অংশ এই পদ্ধতিকে সাহায্য করে।

কথাবার্তা :

কথা বলতে আমাদের ফুস্‌ফুস্‌ থেকে বাতাসকে পরিচালিত করি বাতাস পাইপের সাহায্যে এবং তারপর আমরা গলার বিভিন্ন অংশের মাধ্যমে অবশেষে মুখে পৌঁছাই সকল প্রকার স্বরের জন্য কেন কোন সময় বাতাস আমাদের নাকের মাধ্যমে অতিক্রম করে ভালভাবে। যখন বাক্য উৎপাদনে অর্জনের প্রতিটি অংশ পূর্বেই উল্লিখিত এবং জড়িত, যখন তারা প্রয়োজনীয় কার্য্যাবলীর কাজ করে। জিভ বিশেষত স্বাদ গ্রহণের জন্য, দাঁত খাবার জন্য, ঠোঁট চাটার জন্য এবং ফুস্‌ফুস্‌গুলি, বাতাস পাইপ মুখ এবং নাক নিঃশ্বাস ফেলার জন্য জড়িত। যতদূর সম্ভব যেমন স্তন্যপায়ী প্রাণীরা, বরনীল শিম্পাজী, গরিলা ইত্যাদি যারা আমাদের জীবনবিজ্ঞানগত আত্মীয়। মানুষের মধ্যে এই অংশগুলির প্রত্যেকটিকে গ্রহণ করা হয়েছে বক্তব্যের জন্য। যখন আমরা কথা বলি আমাদের ফুসফুসগুলো আমাদের নিঃশ্বাস ফেলার জন্য শ্বাসের রিদিমকে ঠিক রাখে এবং দীর্ঘ সময় কথা বলার জন্য এটা গ্রহণ করে। শ্বাস নেওয়া ছাড়া, শ্বাসের সংখ্যা প্রতি মিনিটে উৎপাদিত হয়।

নোট

শ্বাসকে বিবেচিত ভাবে ত্বরান্বিত করে। যখন 'শ্বাস' নেওয়া ধীর গতিতে হয়। আমাদের ঠোঁটের মাংসল পেশীগুলি আছে যেগুলি বিবেচিতভাবে অধিক উন্নত এবং একে অন্যের প্রতি চলতে সাহায্য করে। দৃঢ়ভাবে বন্ধ হয়ে যায়। দূরে চলে, এগিয়ে, পিছিয়ে অথবা গোলাকার আকৃতিতে, মানুষের জিভ হল মোটা। পেশীবহুল এবং ভ্রাম্যমান এবং দূরকে আপত্তি করে, বানরের পাতলা জিভগুলি এবং নীচের চোয়াল হয় ভ্রাম্যমান। এই সকল সাহায্যগুলি বিভিন্ন স্বর সৃষ্টিতে সাহায্য করে।

বোধগম্য :

অনেক অন্য জন্তুদের মত মানব মস্তিষ্ক নীচের অংশ মস্তিষ্ক কাণ্ড, এবং উচ্চতর অংশ সেরিব্রাম হিসাবে বিভক্ত। মস্তিষ্ক কাণ্ড স্পাইন্যাল কর্ডের সাথে সংযুক্ত এবং শ্বাস ফেলার বিষয় হিসাবে জীবিত দেহকে ধরে রাখে। মস্তিষ্কের স্পন্দন হয়। সেরিব্রাম যা জীবনের জন্য প্রয়োজনীয় সাহায্য করে তার পরিবেশে জীভকে একত্রীভূত করতে। সেরিব্রাম পালাক্রমে 2টি ভাবে বিভক্ত যথা বাম হেমিসফেয়ার এবং ডান হেমিস্‌ফেয়ার। হেমিসফেয়ারগুলি একে অন্যের সাথে সেতুগুলির মাধ্যমে সম্পর্কযুক্ত।

অনেক অধ্যয়ন প্রতিষ্ঠা করেছে যে কোনকিছু যা অভিজ্ঞতার মাধ্যমে শরীরের দক্ষিণ হাতের দক্ষিণ হেমিসফেয়ার। গবেষণা আমাদেরকে বলে যে সক্ষমতা বুঝতে এবং বক্তব্য উৎপাদন করতে আমাদের মধ্যে অনেকেই মস্তিষ্কের বাম হেমিসফেয়ারে বর্তমান।

সবচেয়ে সরলতম এবং অত্যন্ত সাম্প্রতিকভাবে উন্নত পরীক্ষা যা আবিষ্কার করতে সাহায্য করে যা হেমিসফেয়ারকে নিয়ন্ত্রিত করে হল ডিকচোটিক লিসেনিং পরীক্ষা। এই পরীক্ষাতে কর্তা একটি (26 ফোন পরিধান করে। দুটি পৃথক শব্দ একটি প্রতি কানে দেওয়া সমসাময়িকভাবে অংশগ্রহণ করে। উদাহরণস্বরূপ 'আট' একটি কানে এবং 'কোর' অন্য কানে। অধিকাংশ ডানকানে দেখা যায় পুনরায় শব্দটি ডানকানে ভূমিকা নেয়, যেহেতু আমাদের শরীরকে মস্তিষ্কের বাম হেমিসফেয়ার দ্বারা নিয়ন্ত্রিত, যা হল ভাষাকেন্দ্র। স্বরটি যেটিকে বামকান দ্বারা দীর্ঘতরভাবে পদ্ধতি গ্রহণে সাহায্য করে। এটা প্রথমে ডান হেমিসফেয়ারে পাঠানো হয়েছিল এবং তারপর বাম হেমিসফেয়ারে। এই অপ্রত্যক্ষ রুট নে অধিকতর দীর্ঘ সময় বুঝতে এবং শব্দটি উৎপান করে।

বিভিন্ন অধ্যয়ন প্রমাণ করেছে যে মস্তিষ্কের বাম হেমিসফেয়ারের দুটি এলাকা ভাষার সাথে সংশ্লিষ্ট। ব্রোকার এলাকা এবং উইয়ারনিকের এলাকা। বক্তব্য উৎপাদনে ব্রোকারের ক্ষতি সমস্যা ঘটায় এবং উইয়ারনিকের এলাকা ক্ষতি বক্তব্য বোধগম্যে সমস্যা ঘটায়। যতদূর সম্ভব ঘটনাগুলো হয়েছে যেখানে রোগীদের এই এলাকাগুলিতে ক্ষতির পর কোন ভাষার অপর্য্যায় ক্রম ছিল না। গবেষণা অনুসারে এটা বাকী থাকবে মস্তিষ্কের আকৃতির মধ্যে পার্থক্যের জন্য যা বিশেষত কর এই কাজগুলিকে ব্যক্তি থেকে ব্যক্তিতে।

এই মানবশরীর এইভাবে একটা ভূমিকা নেয় আমাদের সক্ষমতায় উৎপাদন করতে এবং বক্তব্য বুঝতে।

নোট

তোমার উন্নতি ভালভাবে দেখ-2

1. কতকগুলি হেমিসফেয়ারে মানব মস্তিষ্ক বিভক্ত?

(ক)এক (খ) দুই (গ) তিন (ঘ) চার।

2. মস্তিষ্কের কোন্ হেমিসফেয়ারকে ভাষার জন্য অর্থ করা হয়?

_____

_____

_____

3. ডিকোটিক লিসেনিং টেস্ট বর্ণনা কর। এটা কি দেখায়?

_____

_____

_____

3.2.2. পরিবেশের ভূমিকা :

কালক্রমে শিশু চার বছর বয়স পায়। সে অনর্গল বক্তা তার গৃহ ভাষার। সে এই ভাষাগুলি আয়ত্ব করে যখন তাকে প্রচুর প্রাকৃতিক, প্রাত্যহিক পরিস্থিতিগুলোতে উন্মুক্ত করা হয়।

উভয়ই-গিনী ও হোমনার উদাহরণগুলি প্রকাশ করে-উন্মুক্ত হওয়ার গুরুত্বের জন্য একটা শিশুর পক্ষে একটা ভাষার জন্য এটাকে বলে শুরু করতে। গিনী বাক্যহীন ছিল কারণ সে কোন ভাষা শুনেছিল না এবং বিপরীতভাবে হোমানা একাধিক ভাষা আয়ত্ত করেছিল তার চারদিকের পরিবেশে। এইভাবে একটি ভাষা সমৃদ্ধ পরিবেশ যেখানে একটা শিশু শুনতে পারে যত্ন দাতাদেরকে/প্রাপ্তবয়স্ক কথাবার্তাকে একে অন্যের প্রতি, অথবা তার নিজের প্রতি, বইগুলি পড়ে তারজন্য গান করে তার জন্য, অন্য শিশুদের উপর পারস্পরিক কাজ করে প্রভাব বিস্তার করে, সংগীত শোনায়, দূরদর্শন দেখায় ইত্যাদি অনুজ্ঞামূলক ঘোড়াটিপে গুলি ছোঁড়া প্রাকৃতিক মানব পূর্বপ্রবণতার মাধ্যমে ভাষা আয়ত্ত করা।

এটা ইসাবেলার উদাহরণে খুবই পরিষ্কার। ইসাবেলা, বধির শিশুটির কোন কথা ছিল না, যখন সাড়ে ছয় বছর বয়সে ওহিওতে ছিল 1930 সালে। সে তার মায়ের জীবনের অধিকাংশ সময় অন্ধকারকক্ষে কাটিয়েছে। একটা সাধারণ পরিবেশে তাকে ভাষা শেখার জন্য উন্মুক্ত করা হয়েছিল। সে এটা কুড়িয়েছিল খুব তাড়াতাড়ি। সে দু বছর বয়সে নিজেকে ঢেকে রেখেছিল, সাধারণ যেশিক্ষাটা ছয় বৎসর বয়সে হয়, তা কিন্তু তার জীবনে ৮ বৎসর বয়সে সম্ভব হয়েছিল।

ভাষাগত ভাবে সমৃদ্ধ পরিবেশ ছাড়া, যেটা খুবই পরিষ্কার যে ভাষা শেখার একটি জটিল সময়, প্রকৃতি দ্বারা একটা সময় ভাষা শেখার আছে। দুই থেকে চৌদ্দ বছর বয়স পর্যন্ত এটা পার্থক্য করে এবং এই সময়ে শিশুদের পক্ষে ভাষাগুলোকে রপ্ত করা একটা চেষ্টাহীন কা বলে মনে হয়। গিনীর অভিজ্ঞতার সাথে ইসাবেলার ভাষার শিক্ষার ব্যাপারটি পরিষ্কার হয়। গিনীকে 13 বৎসর বয়সে

নোট

